গবিতে জিবিডিএসে নতুন কার্যনির্বাহী কমিটি, নেতৃত্বে রুম্মান–বিজয়



সভাপতি রুম্মান ও সাধারণ সম্পাদক বিজয়। ছবি: প্রতিনিধি

২০২৫-২৬ সেশনের জন্য গণ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির (জিবিডিএস) নতুন কার্যনির্বাহী পরিষদ গঠন করা হয়েছে। এতে সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদের চতুর্থ বর্ষের শিক্ষার্থী মো. রুম্মান হোসেন। সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন মেডিকেল ফিজিক্স ও বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের একই বর্ষের শিক্ষার্থী বিজয় হোসেন।

সোমবার (৪ মে) বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার ও সংগঠনের উপদেষ্টা এনামুল হক আট মাসের জন্য এই কমিটির অনুমোদন দেন। এর মধ্য দিয়ে নতুন নেতৃত্বের যাত্রা আনুষ্ঠানিকভাবে শুরু হয়।

নতুন কমিটিতে সহ-সভাপতি হয়েছেন কানিজ ফাতিমা লিমা ও মো. রাকিবুল হাসান। সাংগঠনিক সম্পাদক হিসেবে রয়েছেন সামিউল ইসলাম মুন্না এবং সহ-সাংগঠনিক সম্পাদক ফাহিমা আমিন। কোষাধ্যক্ষের দায়িত্বে মো. রাতুল আসাদ নকিব, সহ-কোষাধ্যক্ষ সাদিয়া আফরিন স্নিগ্ধা এবং দপ্তর সম্পাদক হিসেবে আছেন মোসা. আনিকা হাসান নিসা।

বিভাগভিত্তিক দায়িত্বে বাংলা বিতর্ক ও কর্মশালা বিষয়ক সম্পাদক হয়েছেন আইনুন নাহার ক্যামি এবং ইংরেজি বিতর্ক ও কর্মশালা বিষয়ক সম্পাদক মুশফিকুর রহমান। জনসংযোগ বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্বে রয়েছেন আরাবী ইমরোজ। প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক তাইফ আশফাক তাসিন এবং সহ-প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক হিসেবে আছেন আরেফিন রিশাদ।

কার্যনির্বাহী সদস্য হিসেবে যুক্ত হয়েছেন দিব্য জ্যোতি চক্রবর্তী, এস. এম. রাকিব হাসান ও এইচ. এম. কামরুজ্জামান।

এ সময় উপদেষ্টা পরিষদের সদস্য, বিভিন্ন অনুষদের শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।